



# রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

অধ্যক্ষের কার্যালয়

website: www.ranguniacollege.edu.bd/E-mail:info@ranguniacollege.edu.bd



নং- ২০২২/০৩০

তারিখ : ০৮ মার্চ, ২০২২খ্রিঃ

## ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ১৫শ সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়া সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা কলেজের ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখনকার্যক্রমে পুরোপুরি সম্পূর্ণকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য ১৫শ সপ্তাহের অ্যাসাইনমেন্ট মূল্যায়ন রুব্রিক্সসহ ০৭/০৩/২০২২খ্রিঃ তারিখে প্রকাশ করা হয়েছে। ১৫শ সপ্তাহের অ্যাসাইনমেন্ট কার্যক্রম ০৯ মার্চ ২০২২ বুধবার থেকে শুরু হবে। অ্যাসাইনমেন্ট কলেজ অফিস এর পাশাপাশি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর ওয়েবসাইট (<http://www.dshe.gov.bd>), কলেজের ওয়েবসাইট (<http://ranguniacollege.edu.bd>) ও রাংগুনিয়া সরকারি কলেজ অফিসিয়াল ফেসবুক পেইজ-এ উপরের লিংকে ক্লিক করেও সংগ্রহ করা যাবে।

করোনা ভাইরাস(COVID-19) এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে পালনপূর্বক [মাস্ক পরিধান, নির্দিষ্ট দূরত্ব বজায় রাখা, হ্যান্ড স্যানিটাইজ করা ইত্যাদি] নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী কলেজে এসে স্ব-স্ব বিভাগের দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নিকট বর্ণিত বিষয়ের অ্যাসাইনমেন্ট বাধ্যতামূলকভাবে জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

### ১৫শ সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময়সূচি

তারিখ	সময়	বিভাগ	বিষয়, পত্র, অ্যাসাইনমেন্ট নং ও বিষয় কোড
১৬/০৩/২০২২ মঙ্গলবার	সকাল ১০.৩০টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত	ব্যবসায় শিক্ষা	১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (৩), বিষয় কোড : ২৭৫ ২. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, (১ম পত্র), (৩), বিষয় কোড: ২৮৬ ৩. পরিসংখ্যান, (১ম পত্র), (৩), বিষয় কোড : ১২৯
	সকাল ১০.৩০টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত	বিজ্ঞান	১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (৩), বিষয় কোড : ২৭৫ ২. উচ্চতর গণিত (১ম পত্র), (৩), বিষয় কোড : ২৬৫ ৩. পরিসংখ্যান, (১ম পত্র), (৩), বিষয় কোড : ১২৯
	সকাল ১০.৩০টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত	মানবিক	১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (৩), বিষয় কোড : ২৭৫ ২. পালি (১ম পত্র), (৩), বিষয় কোড : ১৩৯

এ. কে. এম. সুজা উদ্দীন

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

এ. কে. এম. সুজা উদ্দীন

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ

রাংগুনিয়া, চট্টগ্রাম।